"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ,সিলেট

মুজিব বর্ষ ১০০

## ডিসেম্বর / ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৩ তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ইকবাল আহমদ চৌধুরী, চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
সভার তারিখ ও সময় ঃ ২৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলী ঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগের স্মারকনং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-৪৪০ ও ৫৮৪ তারিখঃ ০৫/০৮/২০২১ইং ও ০২/১১/২০২১ইং মূলে ১ম ও ২য় কিস্তি হিসাবে ইতোমধ্যে (২৩.০১+২৩.০১) মোট ৪৬.০২ লক্ষ টাকা অর্থ বরাদ্দ পাওয়া গিয়াছে। ১ম ও ২য় কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরুপ ৪(চার) কিস্তিতে মোট ৯২.০৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া রাজস্ব উদ্বৃত্ত হিসেবে ১,১০,৩৭,৩৪৪.০০ টাকা উন্নয়ন তহবিলে জমা রয়েছে মর্মে জানা গেছে। তিনি আরো জানান যে, "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি" গোলাপগঞ্জ, সিলেট, এর সুপারিশের আলোকে গত ১১ অক্টোবর ২০২১ইং তারিখে উপজেলা প্রকল্প বাছাই কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২১-২২ইং অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল দ্বারা বাস্তবায়ন যোগ্য অধিক জনগুরুত্বপূর্ন প্রকল্পসমূহের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হয় । বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রাথমিক ভাবে নির্বাচিত স্কীমসমূহ সরেজমিনে পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে মোট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলণ সমূহ প্রস্তুত করা হয়েছে (যাহা পরিশিষ্ট "খ" তে সংযুক্ত)। তিনি পরিষদকে বাচাই কমিটির সুপারিশকৃত স্কীমসমূহ অবলোকন এবং গুরুত্বপূর্ন বিবেচিত হলে নিম্লোক্ত অগ্রাধিকার ক্রম অনুযায়ী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উদ্বৃত্ত) দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত স্কীমসমূহ জনগুরুত্বপূর্ন ও বিশেষভাবে প্রয়োজনীয়তা রয়েছে মর্মে বিস্তারিত আলোচনা শেষে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন এবং সর্বসম্মত ভাবে বর্ণিত স্কীমসমূহ ক্রয় পদ্ধতি সহ চলমান অর্থ বছরে বাস্তবায়নের জন্য পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ২৮/১২/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৪৭৩০ জন, মোট আক্রান্ত ঃ ১০৬৪ জন, মোট সুস্থ ১০৪৫ জন, মোট মৃত্যু ১৯ | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন, বর্তমানে আইসোলেশন নাই, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ১,১২,৩০০ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ৭১,৫০০ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৭২২০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৮০৭ জন। ১ম ডোজ ফাইজার টিকা প্রদান : ২৭২৬ জন। | আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) কর্মসূচীর আওতায় নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজের তালিকা চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৫০ টি ঘরের বরাদ্দ মধ্যে ফুলবাড়ি ইউনিয়নে ১২ টি, বাদেপাশা ইউনিয়নে ১৪ টি, লক্ষীপাশা ইউনিয়নে ২ টি তৈরি করা হবে। বাকি ২২ টি ঘরের জায়গা প্রাথমিকভাবে গোলাপগঞ্জে স্থান নির্ধারন করা হলেও মাটির DPC টেষ্ট করে পরবর্তী করনীয় নির্ধারন করা হবে। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) কর্মসূচীর আওতায় নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দকৃত উন্নয়নমূলক কাজের তালিকা দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, নভেম্বর / ২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,২২৫ জন, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৩৬০ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৭.৯৩%, গর্ভকালীন সেবা ৭৬৬ জন, প্রসব সেবা (এফডব্লিউসি) ৭১ জন, গর্ভোত্তর সেবা ৩২৯ জন, শিশু সেবা ৯৭১ জন, সাধারন রোগী ৩১৭৪ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ২০৫ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৭৬ জন ছিল। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এই মৌসুমে বোরো ধানের লক্ষ্যমাত্রা নির্ধারন হয়েছে ৭১০০ হেঃ, সে লক্ষ্যে বীজতলা স্থাপনের কাজ চলমান রয়েছে। ৪৭৩ হেঃ বীজতলা এ পর্যন্ত অর্জিত হয়েছে। হাওরের বোরো আবাদ কার্যক্রম শুরু হয়েছে। আবাদকৃত জাতের মধ্যে স্বল্প জীবন কালের জাতের ব্যাপক সম্প্রসারন করা হয়েছে যে জাত গুলো এপ্রিল মাসে কর্তন করা যাবে এই রকম জাত হাওরে আবাদ করা হচ্ছে। চলতি বোরো মৌসুম পর্যন্ত সার ও বীজ এর মজুদ রয়েছে। বোরো সেচ স্কিম এ দ্রুত বিদ্যুৎ সরবরাহ করার জন্য পল্লীবিদ্যুৎকে অনুরোধ করা হলো। রবি মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ কার্যক্রম চলমান রয়েছে। এই বছর ১০০০ হেঃ জমিতে সীম উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। লক্ষীপাশা ইউনিয়নে উত্তর লক্ষীপাশায় সমালয় চাষাবাদ এর কার্যক্রম গ্রহন করা হয়েছে। | নিরাপদ সবজি ও কৃষি উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নে মৎস্যচাষীদের পরামর্শ প্রদান করা হয় ১০১ জন, প্রতি ইউনিয়নে মুজিব বর্ষ উপলক্ষে পরিচালিত পরামর্শ সেবা দিবস ৬ দিন। মত বিনিময়/সচেতনতামূলক সভা ২ টি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (ভাঃপ্রাঃ) সভায় জানান যে, অত্র দপ্তরের গবাদি পশুর চিকিৎসা ঃ ১৭৭৩ টি, হাঁস-মুরগী চিকিৎসা ঃ ৮৩১২ টি, গবাদি পশুর টিকা প্রদান ঃ ৪৭০০, হাঁস-মুরগির টিকা প্রদান ১৭০০০, কৃত্রিম প্রজনন ঃ ১৪২ টি, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ০.৫ একর, উঠান বৈঠক আয়োজন ৫ টি (ধারাবহর,দত্তরাইল,ইসলামাবাদ,বাঘা, ঢাকাদক্ষিন)। ভ্যাকসিনেশন ক্যাম্পেইনঃ ০৩ টি(দক্ষিন বাঘা, ইসলামাবাদ, রুস্তমপুর বাঘা)। ফ্রি ভেটেরিনারী ম্যাডিকেল টিমঃ ০১টি (রুস্তমপুর বাঘা)। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরনের কাজ চলমান আছে। আগামী ০১/০১/২০২২ তারিখ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র /ছাত্রীদের | ছাত্র / ছাত্রীদের মাঝে সুষ্ঠুভাবে বই বিতরন কার্যক্রম ও বিভাগীয় | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাঝে বই বিতরন করা হবে। উপজেলার প্রতিটি বিদ্যালয়ে ছাত্র ছাত্রী ভর্তির কাজ চলমান রয়েছে। | কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার গুদামে রক্ষিত প্রাপ্ত বই সকল প্রতিষ্টানে প্রেরণ করা হয়েছে এবং ১ জানুয়ারীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন নির্দেশিত রুটিন মাফিক বই শিক্ষার্থীদের মধ্যে বিতরন করার জন্য প্রতিষ্টান প্রধানদের অনুরোধ করা হয়। তাছাড়া এইচএসসি পরীক্ষার্থীদের ১ম ডোজ ভ্যাকসিন ২ টি ভেন্যুর মাধ্যমে দেয়া হয়েছে, ২য় ডোজ দেয়াও নিশ্চিত করা হবে। তাছাড়া ২০১২-২০১৮ বয়সীদের ভ্যাকসিন প্রদান প্রক্রিয়াধীন আছে। এইচএসসি পরীক্ষা সুষ্টভাবে অনুষ্টিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়া হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় বাঘা, বাদেপাশা, শরীফগঞ্জ, ভাদেশ্বরও লক্ষনাবন্দ ইউনিয়নে নলকুপ স্থাপন কাজ চলমান আছে। | সরকারি ও এনজিও কর্তৃক স্থাপিত নলকুপ গুলি পানি পানযোগ্য করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের ডিসেম্বর/২০২১ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। বিতরন চলমান। গত ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস এবং আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালন উপলক্ষে মানববন্ধন, আলোচনা সভা এবং প্রান্তিক পর্যায়ের ৪ জন সফল নারীকে উপজেলা পর্যায়ে নির্বাচিত জয়িতা হিসেবে সম্মাননা ক্রেষ্ট ও সম্মাননা সনদ দেয়া হয় ও সাংস্কৃতিক অনুষ্টানের মধ্য দিয়ে সভার সমাপ্তি হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক যুব কার্যক্রম সুষ্টভাবে চলছে। চলমান অর্থবছরে ঋণ বিতরন পুরুষ ১৪ জন ৭,২৫,০০০/-, মহিলা ০৫ জন ৩,০০,০০/-। ক্রমপুঞ্জিত ঋণ বিতরন ৩,৪০,৫৭০০০/-, ক্রম পুঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৯৭,৪৬,৫৭০/-, ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত ২,৭৮,৬৮,৩৪৩/-, আদায়ের হার ৯৩.৭০%। | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির টাকা তাদের মোবাইলে প্রেরণ করা হয়েছে। জানুয়ারীতে ২য় কিস্তির টাকা প্রেরণ করা হবে। তাই কেউ যদি কোন নাম্বার পরিবর্তন করতে চায় অথবা মৃত্যুজনিত কারনে প্রতিস্থাপন করতে চাইলে দ্রুত পরিবর্তনে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | সুবিধা ভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরাধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় ৪৫.৫০ লক্ষ টাকা, ঋণ বিতরন ৪৪.৩৫ লক্ষ টাকা। ৪০ জন সমবায়ীকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, সম্পাদন-৫৪ টি, সম্পাদনের বাকী ৭৮ টি। নির্বাচন যোগ্য সমিতি (২০২১-২২) ১৮ টি,নির্বাচন অনুষ্টান ০৬ টি, অনুষ্টানের বাকী ১২ টি। সমিতি পরিদর্শন লক্ষ্যমাত্রা ৬০ টি, অর্জন ১৫ টি, বাকী ৪৫ টি। সমিতি নিবন্ধন (২০২১-২২) ০৬ টি। | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমে ধান সংগ্রহের কার্যক্রম চলমান আছে। গোলাপগঞ্জ উপজেলায় ইতোমধ্যে ১৭৫ মে.টন ধান সংগ্রহ করতে পেরেছি ও লক্ষ্যমাত্রা ৬৩৫ মে.টন। ধান সংগ্রহ কার্যক্রম ফেব্রুয়ারী পর্যন্ত চলবে। আমরা আশাবাদী এই সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে পারব। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন এবং নির্ধারিত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা সচেষ্ট থাকবেন | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সচেষ্ট থাকবেন | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/ ১৯ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | উপজেলা পরিষদের অক্টোবর/২১ মাসের আনুসংগিক ব্যয় বাবদ জনাব রাজন পালের অনুকুলে ৫০০০/- চেক প্রদান, চেক নং ০৫২৪৬৭৩ তাং৩/১১/২১। জনাব ফাহিমা বেগমের অনুকুলে মজুরী বাবদ১১০০০/-চেক প্রদান, চেক নং০৫২৪৬৭৪ তাং৩/১১/২১। মহিলা ভাইসচেয়ারম্যানের অনুকুলে মে/২১হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত ভ্রমন বিল বাবদ৪২,২৫১/-চেক প্রদান,চেক নং০৫২৪৬৭৫ তাং৩/১১/২১। আনসার সদস্যদের বিল বাবদ জনাব আব্দুল কাদিরের অনুকুলে ১৮,৬০০/ চেক প্রদান,চেক নং০৫২৪৬৭৬,তাং৩/১১/২১। পরিচ্ছন্নতা কর্মীর মজুরী বাবদ শাহ আলমের অনূকুলে ১১৫৫০/ চেক প্রদান,চেক নং০৫২৪৬৭৭,তাং৩/১১/২১। | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজিরা বেগম
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

তারিখ ঃ ৩০/১২/২০২১ খ্রিঃ

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১০৭৬

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট।
০৬। উপজেলা --------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান------------------------------------- ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

৩০/১২/২০২১

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।

☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইল:unogolapganj@mopa

২০২১-২২ইং অর্থ বছরেউপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত ও জনগুরুত্বপূনস্কীম সমূহের তালিকা

**"পরিশিষ্ট খ"**

| ক্রঃ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) | ক্রয় পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | বাঘা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের দক্ষিণ বাঘা সাব এর মহল্লায় আব্দুল আলীর বাড়ীর উত্তর পার্শ্বের রাস্তা পাকা করণ। | ৪৭৯২৩১.০০ | টেন্ডার |
| ০২ | বাঘা ইউনিয়নের দক্ষিন বাঘা টুটুল সরকারের বাড়ী হইতে সিরাজ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তায় ড্রেইন নির্মান। | ৫১৩১৩০.০০ | টেন্ডার |
| ০৩ | বাঘা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের নজরুল ইসলাম কলিম মিয়ার বাড়ি হইতে বীর মুক্তিযোদ্ধা তোতা মিয়ার বাড়ী পর্যন্ত ফুট রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৪৮৫৪৮.০০ | টেন্ডার |
| ০৪ | গোলাপগঞ্জ ইউনিয়নের ঘোগারকুল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে জলাবদ্ধতা নিরসনে Surface ড্রেন নির্মাণ ও ঘোগারকুল কমিউনিটি ক্লিনিকের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পাদন। | ৭২২৭৫৩.০০ | টেন্ডার |
| ০৫ | গোলাপগঞ্জ ইউনিয়নের ৬নং ওয়ার্ডের করিমের বাড়ির সম্মুখ হইতে ছালেহ আহমদ চৌধুরীর বাড়ি হয়ে এড়ালবিল মুখী রাস্তা আরসিসি দ্বারা পাকাকরন। | ৭৫৭২৩৩.০০ | টেন্ডার |
| ০৬ | গোলাপগঞ্জ ইউনিয়নের শাহ মঞ্জুর মাজার রাস্তা পীর সাহেবের বাড়ীর উত্তর সড়কে এবং গোলাপগঞ্জ ইউপি- চৌঘরী বাজার সড়কে বড়জানে কৃষি কাজের স্বার্থে ২টি ড্রেনেজ কালভার্ট নির্মাণ। | ৩৮৩০৫৬.০০ | টেন্ডার |
| ০৭ | গোলাপগঞ্জ ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পাকা রাস্তার মুখ হতে আছা মিয়ার বাড়ীর সম্মুখ হইতে রানাপিং প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৬০৯৯০৩.০০ | টেন্ডার |
| ০৮ | গোলাপগঞ্জ ইউনিয়নের চৌঘরী একাডুমা রাস্তা সংস্কার। | ১৭৫০০০.০০ | টেন্ডার |
| ০৯ | ফুলবাড়ী ইউনিয়নে মুহিবুর রহমান চৌধুরী স.প্রা.বিদ্যালয় মেইনরোড হইতে স্কুল পর্যন্ত রাস্তার পূর্ব দিকে ড্রেইন নির্মান। | ৩৭৯৮৫৭.০০ | টেন্ডার |
| ১০ | ফুলবাড়ী ইউনিয়নের ৩নং ওয়ার্ডের রফিপুর দক্ষিণ মাইজভাগ মোকাম রাস্তা সলিম উল্লাহর বাড়ির সামন হইতে লিয়াকত আলীর বাড়ীর সামন পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫৬০২৫৬.০০ | টেন্ডার |
| ১১ | ফুলবাড়ী ইউনিয়নের কায়স্থগ্রাম নয়াগ্রাম উমাপতি রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | ৯২৬৬১০.০০ | টেন্ডার |
| ১২ | লক্ষীপাশা ইউনিয়নের লক্ষীপাশা বাজার এর পশ্চিম সংলগ্ন ডি এম রোড হইতে দক্ষিন দিকে ও দক্ষিন লক্ষীপাশা মহল্লাবাসীর চলাচলে একমাত্র রাস্তাটির অবশিষ্ট অংশের আরসিসি ঢালাইকরন। | ৫৭৮৪৬৪.০০ | টেন্ডার |
| ১৩ | লক্ষীপাশা ইউনিয়নের কতোয়াল পুর মাইজ পাড়া ত্রিমুখী পয়েন্ট হইতে কতোয়াল পুর মাইজ পাড়া কেন্দ্রীয় জামে মসজিদ ত্রিমুখ পয়েন্ট পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ১১৫৬২৮৩.০০ | টেন্ডার |
| ১৪ | লক্ষীপাশা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ঝাপা নিমাদল বেটুবিল সংযোগ এলজিইডি রাস্তার মুখ হতে মাখন মিয়া গং এর বাড়ি পর্যন্ত রাস্তা পাকা করন। | ৬৪২১৩৫.০০ | টেন্ডার |
| ১৫ | বুধবারী বাজার ইউনিয়নের চন্দরপুর হাজী সোনাহার আলীর বাড়ীর নিকট হইতে কাদির এর বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৬২৩২৯০.০০ | টেন্ডার |
| ১৬ | ঢাকাদক্ষিণ ইউনিয়নের সুনামপুর পোষ্ট অফিসের রাস্তা হইতে গুরস্থান পর্যন্ত আরসিসি ঢালাই। | ৬৯৩৫০৯.০০ | টেন্ডার |
| ১৭ | ঢাকাদক্ষিণ ইউনিয়নের ১নং ওয়ার্ডে কানিশাইল ভাইরা হাওয়র মুখ থেকে খারখানটিল্লা মসজিদ পর্যন্ত রাস্তা পাকা করন। | ৫১২৭২৫.০০ | টেন্ডার |
| ১৮ | ঢাকাদক্ষিণ ইউনিয়নের ১নং ওয়ার্ডে কানিশাইল গুচ্ছগ্রাম মুখী রাস্তায় ১টি ইউ ড্রেন ও ১টি বক্স কালভার্ট নির্মাণ। | ৪২০০০০.০০ | টেন্ডার |
| ১৯ | লক্ষনাবন্দ ইউনিয়নের কাজিপাড়া ও মুসলিমপাড়া জামে মসজিদের সামন হতে জনাব আব্দুল মুকিত ললাই মিয়া এর নতুন বাড়ির সামন পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাইকরন। | ৮৭৪৭৮৮.০০ | টেন্ডার |
| ২০ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৫নং ওয়ার্ডের নিজ ফুলসাইন্দ গ্রামের ১নং ফুলসাইন্দ সঃ প্রাঃ বিঃ এর সম্মুখ হতে দরগাহ টিল্লা পর্যন্ত রাস্তা পাকা করণ। | ৬৭১৯০৯.০০ | টেন্ডার |